

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৮৭৫

8২/ কুরআনের ফাযীলাত (ﷺ کتاب فضائل القرآن عن رسول الله পরিচ্ছেদঃ ১. সুরা আল-ফাতিহার ফ্যীলত

আরবী

حدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّد، عَنِ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم خَرَجَ عَلَى أُبَيِّ بْنِ كَعْب فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "يَا أُبِيُّ ". وَهُو يُصَلِّي فَالْتَفَتَ أُبِيِّ وَلَمْ يُجِبُهُ وَصَلَّى أَبُيُّ فَخَفَّفَ عُمَّ الْمُصَرَفَ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم "وَعَلَيْكَ السَّلاَمُ مَا مَنَعَكَ يَا أَبِيُ أَنْ تُجِيبَنِي إِذْ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " وَعَلَيْكَ السَّلاَمُ مَا مَنَعَكَ يَا أَبِيُ أَنْ تُجِيبَنِي إِذْ نَعَوْتُكَ ". فَقَالَ يَا رَسُولُ اللَّهِ إِنِّي كُنْتُ فِي الصَّلاَةِ . قَالَ " أَفَلَمْ تَجِدْ فِيمَا أَوْحَى اللَّهُ لِمَعُوثَكَ ". فَقَالَ يَا رَسُولُ اللَّهِ إِنِّي كُنْتُ فِي الصَّلاَةِ . قَالَ " أَفَلَمْ تَجِدْ فِيمَا أَوْحَى اللَّهُ إِنَى كُنْتُ فِي الصَّلاَةِ . قَالَ " أَفَلَمْ تَجِدْ فِيمَا أَوْحَى اللَّهُ إِلَى وَلِللَّ سُولُ اللَّهِ إِنْ شَاءَ اللَّهُ . قَالَ " أَفَلَمْ تَجِدْ فِيمَا أَوْحَى اللَّهُ عَلَى اللّهُ عَلَى اللّه عليه وسلم " فِي الفُوْقَانِ مِثْلُهُ اللّهُ عَلَى الْمُعَلَى مَنْ الْمُعَلَى وَالْقُرْآنِ وَلَا فِي الْإِنْجِيلِ وَلاَ فِي الزَّبُودِ وَلاَ فِي الْوَلُولُ وَلِا فِي الزَّبُودِ وَلاَ فِي الْوَلُولُ وَلِا فِي الْوَلُولُ وَلِا فِي الْوَلُولُ وَلِا فِي الْوَلُولُ وَلِلا قَلْ اللهُ عليه وسلم " وَلَيْ الْمَالَى مَنْ الْمَتَانِي وَالْقُرُآنَ لُلّهُ الْمُعَلِي وَلا فَي الْوَبُولِ وَلا فِي الْوَلُولِ وَلا فِي الزَّبُولِ وَلا فِي الْوَلُولُ وَلِهُ فِي الْوَلُولُ وَلا فِي الْوَلُولُ وَفِيهُ عَنْ أَبِي سَعِيدِ بْنِ الْمُعَلَى مَنَ الْمُعَلَى . وَفِي الْبُابِ عَنْ أَلْسُ بْنِ مَالِكُ وَفِيهِ عَنْ أَبِي سَعِيدِ بْنِ الْمُعَلَى .

বাংলা

২৮৭৫। আবৃ হুরাইরাহ (রাযিঃ) হতে বর্ণিত আছে যে, রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উবাই ইবনু কাব (রাযিঃ)-এর নিকট গেলেন এবং তাকে ডাকলেনঃ হে উবাই। উবাই (রাযিঃ) তখন নামাযরত ছিলেন। তিনি তার প্রতি দৃষ্টিপাত করলেন কিন্তু জবাব দিলেন না। তবে তিনি সংক্ষেপে নামায শেষ করে রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট গেলেন এবং বললেনঃ আসসালামু আলাইকা ইয়া রাস্লুল্লাহ! রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ওয়া 'আলাইকাস সালাম। হে উবাই! আমি তোমাকে ডাকলে কিসে তোমাকে জবাব দিতে বাধা দিল?



তিনি বললেন, হে আল্লাহর রাসূল! আমি তো নামাযরত ছিলাম। তিনি বললেন? আমার নিকট আল্লাহ তা'আলা যে ওয়াহী প্রেরণ করেছেন, তার মধ্যে তুমি কি এ হুকুম পাওনি "রাসূল যখন তোমাদের এমন কিছুর দিকে ডাকে যা তোমাদেরকে প্রাণবন্ত করে, তখন আল্লাহ তা'আলা ও রাসূলের ডাকে সাড়া দিবে"— (সূরা আল-আনফাল ২৪)?

তিনি বললেন, হ্যাঁ। আর কখনো এরূপ করব না ইনশাআল্লাহ। তিনি বললেনঃ তুমি কি চাও যে, আমি এমন একটি সূরা তোমাকে শিখিয়ে দেই যার মত কোন সূরা তাওরাত, ইনজীল, যাবুর এমনকি কুরআনেও অবতীর্ণ হয়নি? তিনি বললেন, হ্যাঁ ইয়া রাসূলুল্লাহ রাসূলুল্লাহ।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম প্রশ্ন করলেনঃ তুমি নামাযে কি পাঠ কর? বর্ণনাকারী বলেনঃ তিনি (উবাই) উম্মূল কুরআন (ফাতিহা) পাঠ করলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যার হাতে আমার প্রাণ, সেই সত্তার শপথ! এ সূরার মত (মর্যাদা সম্পন্ন) কোন সূরা তাওরাত, ইনজীল, যাবুর, এমনকি কুরআনেও অবতীর্ণ করা হয়নি। আর এটি বারবার পঠিত সাতটি আয়াত সম্বলিত সূরা এবং মহাসম্মানিত কুরআন যা আমাকে দেয়া হয়েছে।

সহীহঃ সহীহ আবু দাউদ (১৩১০), মিশকাত তাহকীক সানী (২১৪২), তা'লীকুর রাগীব (২/২১৬)।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ। আনাস ইবনু মালিক (রাযিঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। আর তাতে উবাই ইবনু কাব-এর স্থলে সাঈদ ইবনু মু'আল্লার নাম উল্লেখ আছে।

English

Narrated Abu Hurairah:

that the Messenger of Allah (ﷺ) came out to Ubayy bin Ka'b, and the Messenger of Allah (ﷺ) said: "O Ubayy!" And he was performing Salat, so Ubayy turned around but he did not respond to him, so Ubayy finished his Salat quickly. Then he turned to the Messenger of Allah (ﷺ) and said: 'As-Salamu 'Alaikum, O Messenger of Allah!' The Messenger of Allah (ﷺ) said: 'Wa 'Alaikum As-Salam - what prevented you from responding to me when I called you Ubayy?' He said: 'O Messenger of Allah! I was performing Salat.' So he said: 'Do you not find among what Allah revealed to me: Respond to Allah and to the Messenger when they call you to what gives you life?' He said: 'Of course, I shall not repeat that, if Allah wills.' He said: 'Would you like for me to teach you a Surah the likes of which has neither been revealed in the Tawrah, nor the Injil, nor the Zabur, nor in the entire Qur'an?' He said: "Yes, O Messenger of Allah!' The Messenger of Allah (ﷺ) said: 'What do you recite in your Salat?' He said: 'I recite Umm Al-Qur'an.' So the Messenger of Allah (ﷺ) said: 'By the One in Whose Hand is my soul! The like of it has neither been revealed in the Tawrah, nor the Injil nor the Zabur, nor in the



Furqan. It is the seven oft-repeated, and the Magnificent Qur'an which I was given.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন